

আশা'য় নিয়োগ বিজ্ঞপ্তি

‘আশা’ বিশ্বের সর্ববৃহৎ আত্মনির্ভর ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠান (MFI)। সংস্থাটি সারা দেশব্যাপী বিস্তৃত ৩,০৭৩টি ব্রাঞ্চার মাধ্যমে ২৫,৩৪৬ জন দক্ষ কর্মীর সহায়তায় প্রায় ৭২ লক্ষ সদস্যকে ক্ষুদ্রঋণ সহায়তা দিয়ে যাচ্ছে। বর্তমানে অত্র প্রতিষ্ঠানের Micro, Small and Medium Entrepreneur (MSME) কার্যক্রমের জন্য মাঠ পর্যায়ে নিম্নোক্ত পদে জনবল নিয়োগ দেয়া হবেঃ

পদের নাম	শূন্য পদের সংখ্যা	যোগ্যতা	বয়স
অফিসার (এমএসএমই)	৫০টি	<p>শিক্ষাগত যোগ্যতাঃ যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতক পাস। শিক্ষা জীবনের কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি বা জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে)/জিপিএ ২.০০ (৪.০০ এর মধ্যে) এর নিচে ফলাফল গ্রহণযোগ্য হবে না।</p> <p>অন্যান্য যোগ্যতাসমূহঃ আগ্রহী প্রার্থীদের সুপরিচিত ঋণ কর্মসূচি পরিচালনাকারী কোন NGO/MFI বা ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠানে MSME/SME ঋণ কার্যক্রমে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বড় আকারে ঋণ বিতরণ ও আদায়ে অভিজ্ঞতাসম্পন্ন এবং ঝুঁকি বিশ্লেষণে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাইক্রোসফট অফিস অ্যাপ্লিকেশনসহ (MS Word/ Excel/ PowerPoint) ইন্টারনেট ও ই-মেইল ব্রাউজিংয়ে দক্ষতা থাকতে হবে।</p>	আবেদনপত্র পাঠানোর সময়সীমায় সর্বোচ্চ ৩৩ বছর (NID কার্ডে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী)

কর্মস্থলঃ উল্লিখিত পদের কর্মস্থল হবে আশা'র মাঠ পর্যায়ে (থানা বা জেলা সদর) অবস্থিত MSME শাখা অফিস সমূহে।

বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদিঃ

নিয়োগকৃত কর্মীর ১ বছর মেয়াদী শিক্ষানবিশকালে মাসিক সর্বসাকুল্যে বেতন হবে ২৭,৫০০/- টাকা। শিক্ষানবিশকাল শেষে কর্মীর কর্মমূল্যায়নপূর্বক পারফরম্যান্স সন্তোষজনক পাওয়া সাপেক্ষে নিয়মিত বেতন কাঠামোভুক্ত করা'সহ স্থায়ী কর্মী হিসেবে পি.এফ ও সার্ভিস বেনিফিট সুবিধা, প্রতি বছর ইনক্রিমেন্ট, বছরে দু'টি উৎসব ভাতা, বৈশাখী ভাতা, কর্মী গ্রুপ বেনিফিট ফান্ড ইত্যাদি প্রযোজ্য হবে।

অন্যান্য শর্তাবলীঃ

প্রার্থীদের অবশ্যই অধুমপায়ী, কর্মতৎপর এবং সদালাপি হতে হবে এবং বাংলাদেশের যে কোন জায়গায় কাজ করার মানসিকতা থাকতে হবে। মোটর সাইকেল চালানোর অভিজ্ঞতা'সহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্তসহ (মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা'সহ) আবেদনপত্র আগামী ১৩/০৬/২০২২ইং এর মধ্যে www.bdjjobs.com এই ঠিকানায় পাঠাতে হবে। সাক্ষাৎকারের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় সংস্থা'র নিয়মানুযায়ী ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত (ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে যার বিপরীতে সরকারি ব্যাংকের সঞ্চয়ী হিসাবের প্রযোজ্য হারে লভ্যাংশ দেয়া হবে।

(কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে)

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ নম্বরঃ ০০৪৭০-০০৫৩৮-০০১০০



আশা

আশা টাওয়ার- ২৩/৩, বীর উত্তম এএনএম নূরুজ্জামান সড়ক, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭